

📖 ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুস্তাক আহমাদ কারীমী

লভ্যাংশ বিভাজন ও বন্টন

সারা বছর ধরে কারবার চালাবার পর কোম্পানী বার্ষিক লাভের হিসাব খতিয়ে দেখে। সর্বমোট লাভ কত দাঁড়ালো তা নিরূপণ করে নেয়। অতঃপর মোট লাভ থেকে কিছু অংশ সাবধানতা-পূর্বক সংরক্ষিত রাখা হয়; যাতে আগামীতে কোম্পানী কোন ক্ষতি বা নোকসানের শিকার হলে তা থেকে তার ক্ষতিপূরণ সম্ভব হয়। একে বলা হয় (RESERVE) সংরক্ষণ।

সাবধানতাপূর্বক এ অর্থ বের করে নেওয়ার পর অবশিষ্ট টাকা শেয়ার হোল্ডার্সদের মাঝে ভাগ-বন্টন করা হয়।

এই বিভাজনের হয় দুটি পদ্ধতি; কখনো কখনো নগদ লাভ শেয়ারওয়ালাদেরকে প্রদান করা হয়। আবার কখনো বা এ লভ্যাংশ দ্বারা পুনঃ শেয়ার জারী করা হয়; যাকে BONUS SHARE বলা হয়।

প্রিয় পাঠক! এ হল কোম্পানীর সংক্ষিপ্ত চিত্র। যেহেতু ব্যাংক মৌলিকভাবে জয়েন্ট স্টক কোম্পানীরই দ্বিতীয় নাম সেহেতু কোম্পানীর উপরোক্ত বিস্তারিত আলোচনা আমাদের জন্য আবশ্যিক ছিল। কিন্তু আপাতদৃষ্টিতে ব্যাংক কেবলমাত্র টাকা লেন-দেনের কারবার করে থাকে। শিল্প কারিগরী, কৃষি উৎপাদন, নির্মাণ-প্রকল্প এবং অন্যান্য উপকারী মুনাফাজনক কাজ ও কারবারে ওর কোন আগ্রহ নেই। ও তো কেবল শিল্পী, কারিগর, কৃষক এবং কোম্পানীকে সূদের ভিত্তিতে পুঁজি সরবরাহ করে থাকে। পক্ষান্তরে কোম্পানী বিভিন্ন ধরনের শিল্প, কৃষি, নির্মাণ-প্রকল্প এবং আরো অন্যান্য লাভজনক কার্য সরাসরি বাস্তবায়ন করে থাকে।

আসুন, এবার আমরা ব্যাংক সম্বন্ধে কিছু জ্ঞানলাভ করি। কারণ এ বিষয়েও আপনার অবগতি একান্ত জরুরী।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=4532>

📖 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন